



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/৩৫৫

তারিখ : ২৫ /০৫/২০১৫খ্রি.

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- ৩১১/২০১৪, তারিখ : ১০/১২/২০১৪খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৮/০৫/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, ধলীগৌরনগর কলেজ, ডাক: সেরাজিয়া, উপজেলা: লালমোহন, জেলা: ভোলা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ের স্বীকৃতির মেয়াদ ০১/০৭/২০১৪ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত স্বীকৃতি বাতিল হয়ে যাবে এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বিরত থাকবে।

শাখা	বিষয়
১। সকল শাখার জন্য	: বাংলা ও ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)
২। নৈর্ব্যচনিক বিষয়	
ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, ইসলাম শিক্ষা, আরবী, সমাজকর্ম, সমাজ বিজ্ঞান এবং যুক্তিবিদ্যা
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা
গ) বিজ্ঞান শাখা	: পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, মনোবিজ্ঞান, ভূগোল এবং পরিসংখ্যান
ঘ) সকল শাখার জন্য	: কৃষি শিক্ষা

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩ জুন ২০১৩ এর বর্ণনা অনুযায়ী পাঠ্যক্রম থেকে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল এবং ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়টি বাদ দেয়ায় উক্ত বিষয়ের স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হলো না।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। পরবর্তী শিক্ষাবর্ষে উক্ত শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে ব্যর্থ হলে উক্ত শাখার স্বীকৃতি বাতিল করা হবে
- ০৩। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষার পাসের হার বৃদ্ধি করতে হবে
- ০৪। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে


২৫.০৫.২০১৫

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

gmail : drliakate@gmail.com

অধ্যক্ষ

ধলীগৌরনগর কলেজ


ডাক: সেরাজিয়া, উপজেলা: লালমোহন, জেলা: ভোলা

অনুলিপি

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো

৪। সংরক্ষণ নথি


২৫.০৫.১৫